

ইসলামী বিশ্ববিদ্যালয়  
ক্যাম্পাসে মিছিল ॥  
উত্তেজনা  
ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-  
দাতা ॥ বিশ্ববিদ্যালয়ের চলতি  
শিক্ষাবর্ষের ভূতি পরীক্ষার দ্বিতীয়  
( শেষ পৃ: ৮-এর ক: দ্র: )

ইসলামী বিশ্ববিদ্যালয়  
( ১ম পৃ: পর )  
দিনে গতকাল (রবিবার) কয়েকটি  
ছাত্র সংগঠন কর্তৃক রাজনৈতিক  
নিষেধাজ্ঞা অমান্য করিয়া মিছিল  
করার ঘটনাকে কেন্দ্র করিয়া  
ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করি-  
তেছে। শনিবার হইতে কঠোর  
নিরাপত্তা ব্যবস্থার মধ্য দিয়া  
ভূতি পরীক্ষা শুরু হইয়াছে।  
তিনজন ম্যাজিস্ট্রেটসহ ক্যাম্পাসে  
ব্যাপক পুলিশ মোতায়েন করা  
হইয়াছে। পরীক্ষা কেন্দ্রের চার-  
শত গজের মধ্যে ভূতিছ ছাত্র-  
ছাত্রী ও পরীক্ষার সহিত সংশ্লিষ্ট  
শিক্ষক কর্মকতা ও কর্মচারী  
ব্যতীত অন্য সকলের প্রবেশ  
নিষিদ্ধ করা হইয়াছে। গত  
বৎসর ভূতি পরীক্ষার প্রশ্নপত্র  
ফাঁস এবং পরীক্ষা চলাকালীন  
দুইটি বিবদমান ছাত্র সংগঠনের  
মধ্যে এক রক্তক্ষয়ী সংঘর্ষে একজন  
ভূতিছ ছাত্রীর অতিভাবক নিহত  
হওয়ায় কর্তৃপক্ষ এ বৎসর এই  
সতর্কতামূলক ব্যবস্থা নিয়াছেন।  
ইতিপূর্বে ১লা ফেব্রুয়ারী পর্যন্ত  
রাজনৈতিক কর্মকাণ্ড নিষিদ্ধ করা  
হইয়াছে।